

B.A.6th Semester (Honours) Examination, 2022 (CBCS)

বাংলা (সাম্মানিক)

Course – DSE-3

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমানের নির্দেশক

যথা সম্ভব নিজেদের ভাষায় উত্তর লিখতে হবে

সময়- তিন ঘণ্টা

পূর্ণ মান -৬০

১) যে-কোনো দশটি প্রশ্নের সংক্ষিপ্ত ও যথাযথ উত্তর দাও

১০X২ =২০

ক। উদাহরণসহ ছোটোগল্পের দুটি বৈশিষ্ট্য লেখো।

খ। আঞ্চলিক উপন্যাস কাকে বলে? উদাহরণ দাও।

গ। ত্রৈলোক্যনাথ মুখোপাধ্যায়ের দুটি হাস্যরসাত্মক গল্পগ্রন্থের নাম লেখো।

ঘ। 'জাগরী' কোন রীতির উপন্যাস ?

ঙ। ছোটোগল্পের পরিণতি সম্পর্কে রবীন্দ্রনাথের অভিমতটি সংক্ষেপে লেখো।

চ। কবে এবং কার সম্পাদনায় 'পরিচয়' পত্রিকাটির পথ চলা শুরু?

ছ। 'শনিবারের চিঠি' কী?

জ। প্রকাশসালসহ বিশ শতকের স্বাধীনতা-পূর্ববর্তী কালপর্বে রচিত দুটি ঐতিহাসিক উপন্যাসের নাম লেখো।

ঝ। ফয়েডীয় মনোবিকলন তত্ত্বকে আশ্রয় করে মানিক বন্দ্যোপাধ্যায়ের লেখা দুটি ছোটোগল্পের নাম লেখো।

ঞ। 'ট্রিলজি' কাকে বলে? উদাহরণ দাও।

ট। সুত্রাকারে আত্মজৈবনিক উপন্যাসের দুটি বৈশিষ্ট্য লেখো।

ঠ। রচনাকারের নাম লেখো: 'নঞ-তৎপুরুষ', 'সহরবাসের ইতিকথা', 'কিন্নরদল', 'লঘু-গুরু'

ণ। ভ্রমণমূলক কথাসাহিত্যের বৈশিষ্ট্যগুলি সুত্রাকারে লেখো।

ত। সংক্ষেপে উপকাহিনীর গুরুত্ব লেখো।

ণ। 'চার অধ্যায়' এবং 'পুতুলনাচের ইতিকথা' রচনা দুটির নায়ক নায়িকার নাম লেখো।

২) যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও

৪X৫ =২০

ক। 'চরিত্রহীন' উপন্যাসটির বিষয়বস্তু সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

খ। বিশ শতকের স্বাধীনতা পূর্ববর্তী কালপর্বে রচিত গণআন্দোলন-আশ্রয়ী বাংলা উপন্যাসের সংক্ষিপ্ত পরিচয় দাও।

গ। উপন্যাস এবং ছোটোগল্পের আঙ্গিকগত পার্থক্যগুলি লেখো।

ঘ। বাংলা কথাসাহিত্যের বিকাশ সাধনে 'কল্লোল' পত্রিকাটির ভূমিকা লেখো।

ঙ। প্রভাতকুমার মুখোপাধ্যায়ের ছোটোগল্পের বৈশিষ্ট্যগুলি লেখো।

চ। বিশ শতকের স্বাধীনতা পূর্ববর্তী কালপর্বে একজন প্রতিনিধি স্থানীয় উপন্যাসিকের উপন্যাস রচনার কৃতিত্ব বিচার করো।

৩) যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও।

২X১০ =২০

ক। বিশ শতকের স্বাধীনতা-পূর্ববর্তী বাংলা গল্পের ক্রমবিকাশ ও বিবর্তন সম্পর্কে নতিদীর্ঘ আলোচনা করো।

খ। বিশ শতকের স্বাধীনতা-পূর্ববর্তী কালপর্বে রবীন্দ্রনাথ রচিত বাংলা ছোটোগল্পের বিষয়বৈচিত্র্যের পরিচয় দাও।

গ। বিশ শতকের স্বাধীনতা-পূর্ববর্তী কালপর্বে রচিত বাংলা উপন্যাসের বিষয় ও আঙ্গিকগত বৈশিষ্ট্যগুলি লেখো।

ঘ। স্বাধীনতা-পূর্ববর্তী কালপর্বে রচিত তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের উপন্যাসগুলির পরিচয় দাও।